গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রাজস্ব কর্মকর্তা কার্যালয়
কাষ্টমস্ এক্সাইজ ও ভ্যাট, গুলশান সার্কেল-৫
০২, বীর উত্তম এ, কে খন্দকার সড়ক, আমতলী মহাখালী, ঢাকা।

নথি নং-৪/মূসক(১৯৬)/বেসরকারী মেডিকেল-বিশ্ববিদ্যালয়/২০১৫/ ৪১৭ তারিখ ঃ ২১/০৭/২০১৫ ইং

প্রেরক ঃ রাজস্ব কর্মকর্তা
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট
গুলশান সার্কেল-৫, মহাখালী, ঢাকা।

প্রাপক ঃ রেজিষ্টার
আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (AIUB)
বাড়ী-৮৩/বি, রোড-৪, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী, ঢাকা।

বিষয় ঃ সেবার কোড এস ০৭০.১০ এর আওতাধীন বেসরকারী বিশ্ববিদ্যালয়ের সেবা পর্যায়ে সেবা প্রদান কালে সর্বমোট প্রাপ্তির উপর ৭.৫% হারে মাসিক মূসক (ভ্যাট) প্রদান প্রসংগে।

সূত্র ঃ ১। প্রজ্ঞাপন নং-১৬৮-আইন/২০১৩/৬৭২ তারিখ-০৬/০৬/২০১৩।
২। প্রজ্ঞাপন নং-১০৮-আইন/২০১৪/৭০৩/মূসক তারিখ-০৫/০৬/২০১৪
৩। প্রজ্ঞাপন নং-২২১-আইন/২০১৫/৭৪০ তারিখ-০১/০৭/২০১৫

মহোদয়,

উক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মূল্য সংযোজন কর আইন ১৯৯১ এর ধারা ১৫(৪) মোতাবেক মূসক নিবন্ধন গ্রহণপূর্বক সেবা পর্যায়ে সেবা প্রদান কালে সেবার বিনিময়ে প্রাপ্ত সমূদয় অর্থের উপর মাসিক নিয়মিত ভাবে মূসক (ভ্যাট) প্রদানপূর্বক ট্রেজারী চালানের মাধ্যমে যথাযথ খাতে ব্যাংকে জমা প্রদান করে কর মেয়াদে দাখিলপত্র (মূসক-১৯) এ দপ্তরে দাখিল করার বিধান রয়েছে। সেবা কোড এস ০৭০.১০ এর অধীনে এরূপ কোন বেসরকারী বিশ্ববিদ্যালয় যেখানে পণের বিনিময়ে পাঠদান শেষে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করা হয়ে থাকে। আপনার প্রতিষ্ঠানটির সেবা কোড এস ০৭০.১০ এর অধীন সেবার বিনিময়ে প্রাপ্ত সমূদয় অর্থের উপর ৭.৫% হিসেবে মূল্য সংযোজন কর প্রদেয়।

উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-১০৬-আইন/২০১৪/৭০১-মূসক, তারিখ-০৫/০৬/২০১৪ মোতবেক বেসরকারী বিশ্ববিদ্যালয়কে (সেবার কোড- এস ০৭০.১০) সেবা পর্যায়ে মূল্য সংযোজন কর হতে অব্যাহতি প্রদান করা হয়েছিল। কিন্তু ২০১৫-২০১৬ অর্থ বছরে প্রজ্ঞাপন নং-১১৯-আইন/২০১৫/৭২৫ তারিখ-০৪/০৬/২০১৫ ইং এর মাধ্যমে উল্লেখিত সেবার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রত্যাহার করা হয়েছে।

মূল্য সংযোজন কর আইন ও বিধি অনুযায়ী সেবা প্রদান কালে হিসাব সংরক্ষণসহ সেবা প্রদানের বিধান রয়েছে, বিধায় আপনার প্রতিষ্ঠানের সেবা প্রদান কালে সেবার বিনিময়ে প্রাপ্ত সমূদয় অর্থের উপর মূসক (ভ্যাট) (সরকারী কোড নং-১-১১৩৩-০০১৫-০৩১১) ট্রেজারী চালানের মাধ্যমে নিয়মিত ভাবে সরকারী কোষাগারে জমা প্রদানপূর্বক ফরম মূসক-১৯ এর মাধ্যমে কর মেয়াদের দাখিলপত্র পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এই অফিসে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি সরকারী রাজস্ব আহরণের স্বার্থে অতীব জরুরী।

২০/৭/১৫

(খন্দকার নাসির আহমেদ)
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট
গুলশান সার্কেল-৫, মহাখালী, ঢাকা।
ফোন নং- ৯৮৫৮১৩৩

নথি নং-৪/মূসক(১৯৬)/বেসরকারী মেডিকেল-বিশ্ববিদ্যালয়/২০১৫/ তারিখ ঃ

অনুলিপি সদয় অবগতির জন্যঃ-
০১। বিভাগীয় কর্মকর্তা, কাস্টম্স, এক্সাইজ ও ভ্যাট, গুলশান বিভাগ, মহাখালী, ঢাকা।

(খন্দকার নাসির আহমেদ)
রাজস্ব কর্মকর্তা (চঃ দাঃ)